

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৪, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ, ১২ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

নং বিপম/সিএ-২/কন-৭/২০০৩-৯১—গত ২৭ ফেব্রুয়ারি, ২০১৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত (National Civil Aviation Security Committee) বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি'র প্রথম সভার সুপারিশ ১/৭ ও ১/৮ এর আলোকে ICAO, Annex-9, Standard 8.19 প্রতিপালনের নিমিত্ত National Air Transport Facilitation Committee গঠন করা হয় :

**NATIONAL AIR TRANSPORT FACILITATION COMMITTEE
OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**

(ক) দেশের বেসামরিক বিমান পরিবহন কার্যক্রম সহজীকরণের নিমিত্ত, আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচলের সাথে সম্পর্কিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বিমানবন্দর ও বিমান সংস্থার মধ্যে সমন্বয় স্থাপনের উদ্দেশ্যে নিম্নোক্ত জাতীয় বিমান পরিবহন সহজীকরণ কমিটি (National Air Transport Facilitation Committee) গঠন করা হলো :

(খ) কমিটি গঠন:

(১)	চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ	:	সভাপতি
(২)	পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি	:	সদস্য
(৩)	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি	:	সদস্য
(৪)	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি	:	সদস্য
(৫)	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিনিধি	:	সদস্য

(১১৫৫)

মূল্য : টাকা ৪.০০

(৬)	জাতীয় রাজস্ব বোর্ড (কাস্টমস্) এর প্রতিনিধি	:	সদস্য
(৭)	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি	:	সদস্য
(৮)	কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি	:	সদস্য
(৯)	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি	:	সদস্য
(১০)	ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের প্রতিনিধি	:	সদস্য
(১১)	ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি:	:	সদস্য
(১২)	সভাপতি, এয়ারলাইন্স অপারেটিং কমিটি	:	সদস্য
(১৩)	বিশেষ পুলিশ সুপার, এয়ারপোর্ট ও ইমিগ্রেশন	:	সদস্য
(১৪)	সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ	:	সদস্য-সচিব

(গ) কমিটির কার্যপরিধি:

- (১) জাতীয় বিমান পরিবহন সহজীকরণ কার্যক্রমের (National Air Transport Facilitation Programme) যথাযথ বাস্তবায়ন তদারকীকরণ।
- (২) আন্তর্জাতিক বিমান পরিবহন সেবার ক্ষেত্রে প্রয়োগযোগ্য ছাড়পত্রের আনুষ্ঠানিকতা সম্পর্কিত নীতির প্রশ্নাবলী পর্যালোচনাকরণ।
- (৩) আন্তর্জাতিক বিমানবন্দর সমূহের বিমানবন্দর সহজীকরণ কমিটির সুপারিশসমূহ পর্যালোচনাকরণ।
- (৪) জাতীয় বিমান পরিবহন সহজীকরণ কার্যক্রমের (National Air Transport Facilitation Programme) সাথে সম্পৃক্ত যথাযথ মন্ত্রণালয়, বিভাগ ও প্রতিষ্ঠানের নিকট প্রয়োজনীয় সুপারিশ পেশকরণ।
- (৫) দেশের বিমান পরিবহন কার্যক্রমকে অভ্যন্তরীণ অথবা আন্তর্জাতিক অঙ্গনে প্রভাবিত করে এমন কোন গুরুত্বপূর্ণ বিষয়সমূহ আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল ক্ষেত্রে সংগঠিত হলে, ঐ সম্পর্কে দেশের সংশ্লিষ্ট বিভাগ, কর্তৃপক্ষ ও প্রতিষ্ঠানকে অবগত রাখা।
- (৬) বিমান পরিবহন সহজীকরণ নীতি ও কার্যক্রমের খসড়া প্রণয়নসহ অন্যান্য কর্মকাণ্ডের জন্য প্রয়োজনে উপ-কমিটি গঠন করা।
- (৭) সভাপতির সাথে আলোচনা করে সদস্য-সচিব বছরে অন্তত ২ বার অথবা প্রয়োজন মোতাবেক সভা আহ্বান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জাফর উল্লাহ

উপসচিব (সিএ)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd